

শাবিতে পাল্টাপাল্টি অবস্থান কর্মসূচি অব্যাহত

■ সিলেটে ঝারো ও শাবি প্রতিনিধি সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) আওয়ামীপন্থি শিক্ষকদের একাংশ ও শিক্ষার্থীদের নামে ছাত্রলীগের পাল্টাপাল্টি অবস্থান কর্মসূচি অব্যাহত রয়েছে। ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূঁইয়ার অপসারণ দাবিতে টানা দশম দিনের মতো গতকাল বুধবার ভিসি

ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা'। অন্যদিকে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ রক্ষার দাবিতে দ্বিতীয় দিনের মতো গতকাল ভিসি ভবনের রাতায় 'সাধারণ ছাত্রছাত্রীর' বানারে দুপুরে পাল্টা অবস্থান কর্মসূচি পালন করে ছাত্রলীগ।

উদ্বৃত্ত পরিস্থিতিতে এদিনও নিজ কার্যালয়ে আসেননি ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূঁইয়া। তবে দুপুরে তিনি ক্যাম্পাসের কেন্দ্রীয় গ্রহাগার ভবনে অবস্থিত বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাব পরিদর্শন করেন। এ সময় প্রক্টর প্রফেসর ড. কামরুজ্জামান চৌধুরী, ছাত্রকল্যাণ উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. রাশেদ তালুকদার ছাড়াও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে ভিসি সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন। গতকাল সকালেও ভিসি ভবনের সামনের সিঁড়িতে অবস্থান নেন আন্দোলনরত শিক্ষকরা। দুপুর ১টার দিকে সাধারণ ছাত্রছাত্রীর বানারে মিজিল সহকারে এসে ভিসি ভবনের রাতায় পাল্টা অবস্থান কর্মসূচি শুরু করেন ছাত্রলীগের নেতাকর্মীরা। আধঘণ্টাব্যাপী অবস্থানকালে তারা ভিসিবিরোধী আন্দোলনের বিরুদ্ধে বক্তৃতা করে কর্মসূচি প্রত্যাহার করে নেন। তবে আন্দোলনরত শিক্ষকরা অফিস চলাকালীন সময় পর্যন্ত তাদের কর্মসূচি অব্যাহত রাখেন।